



রুমিন ফারহানার আসনে জমিয়ত প্রার্থীকে সমর্থন দিচ্ছে বিএনপি



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশের সঙ্গে আসনভিত্তিক সমঝোতায় পৌঁছেছে বিএনপি। এই সমঝোতার আওতায় চারটি সংসদীয় আসনে নিজেদের প্রার্থী না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে দলটি।

মঙ্গলবার (২৩ ডিসেম্বর) দুপুরে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সমঝোতা অনুযায়ী, সিলেট-৫ আসনে জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশের আমির উবায়দুল্লাহ ফারুক, নীলফামারী-১ আসনে মহাসচিব মঞ্জুরুল ইসলাম আফেন্দী, ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে জুনায়েদ আল হাবিব এবং নারায়ণগঞ্জ-৪ আসনে মনির হোসেন কাসেমী প্রার্থী হবেন। এসব আসনে বিএনপি কোনো প্রার্থী দেবে না।

উল্লেখ্য, ব্রাহ্মণবাড়িয়া-২ (সরাইল-আশুগঞ্জ) আসন থেকে নির্বাচনে অংশ নেওয়ার আগ্রহ আগে থেকেই প্রকাশ করে আসছিলেন বিএনপির আন্তর্জাতিক বিষয়ক সহ-সম্পাদক ও সাবেক সংসদ সদস্য রুমিন ফারহানা। দলীয় মনোনয়ন না পেলে তিনি স্বতন্ত্র প্রার্থী হওয়ার সম্ভাবনার কথাও সম্প্রতি ইঙ্গিত দিয়েছিলেন।